

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 18-05-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Rajiv Rn. Singh :**

কেন্দ্রীয় মন্ত্রী রাজীব রঞ্জন সিং আজ কৈলাশহরে অবস্থিত ইন্টিগ্রেটেড অ্যাকোয়াপার্কের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। তিনি আগরতলায় একদিনের মৎস্য উৎসবেরও উদ্বোধন করবেন। প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার আওতায় ৪২ কোটি ৪০ লক্ষ টাকা বিনিয়োগে এই পার্কটি স্থাপন করা হচ্ছে। অনুষ্ঠানে মৎস্য পশুপালন ও দুগ্ধ প্রতিমন্ত্রী জর্জ কুরিয়েনও উপস্থিত থাকবেন।

মৎস্য, পশুপালন ও দুগ্ধ মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে এই উপলক্ষে, মৎস্য ক্ষেত্রের বিভিন্ন সুবিধাভোগীদের মধ্যে শংসাপত্র এবং অনুমোদনের আদেশ বিতরণ করা হবে এবং যোগ্য মৎস্যজীবী ও মৎস্য চাষীদের ক্রিডেট কার্ড বিতরণ করা হবে। মন্ত্রক আরও জানিয়েছে সেরা কর্মক্ষম সমবায়, মৎস্য চাষী উৎপাদক সংস্থা এবং মৎস্য স্টার্ট-আপগুলিকেও এই ক্ষেত্রে তাদের অবদানের জন্য স্বীকৃতি দেওয়া হবে।

\*\*\*\*\*

**Milk Plant- Bamutia :**

কেন্দ্রীয় মৎস্য, প্রাণী সম্পদ ও ডেয়ারী শিল্প মন্ত্রী রাজীব রঞ্জন সিং গতকাল বামুটিয়ায় ৪০ হাজার লিটার ক্ষমতাসম্পন্ন দুধের ডেয়ারির উদ্বোধন করেছেন। গো-পালকদের আর্থিক সমৃদ্ধির লক্ষ্যে বামুটিয়ায় ৩ দশমিক ৫৭ একর জায়গা জুড়ে প্রায় ২২ কোটি টাকা ব্যয়ে নির্মিত এটি গোমতী ডেয়ারির দ্বিতীয় ইউনিট। অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী রাজীব রঞ্জন সিং বলেন, এই কেন্দ্রে দুধ বিক্রির

পাশাপাশি দই এবং দুগ্ধজাত অন্যান্য সামগ্রী তৈরী করা হবে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী  
অধ্যাপক ডাঃ মানিক সাহা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Operation Sindoor:**

অপারেশন সিন্ডুরের সাফল্যে গোটা দেশ ভারতের বীর সেনানীদের শ্রদ্ধা  
জানাচ্ছে। বিশিষ্ট শিক্ষাবিদ ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য পদ্মশ্রী  
অধ্যাপক অরুণোদয় সাহা বললেন, পেহেলগামে মানবতার বিরুদ্ধে যে অপরাধ  
হয়েছিল তার জবাব ছিল ভারতের অপারেশন সিন্ডুর কোনো সাধারণ  
পাকিস্তানি মানুষ বা সৈনিকের উপর হামলা ছিল না, সেটা ছিল সন্ত্রাসবাদীদের  
বিরুদ্ধে মোক্ষম পদক্ষেপ।

#####Sound Byte#####

\*\*\*\*\*

### **Tiranga Yatra-CM:**

ভারতীয় সেনাবাহিনীর প্রবল পরাক্রম ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর স্লোগান  
নেতৃত্বকে সম্মান জানিয়ে গতকাল বাধারঘাট বিধানসভা এলাকার বেলাবর  
পঞ্চায়েতে তিরঙ্গা যাত্রা অনুষ্ঠিত হয়।

এতে মুখ্যমন্ত্রী প্রফেসর ডঃ মানিক সাহা, স্থানীয় বিধায়িকা মীনা রানী সরকার সহ  
অন্যান্য প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*

### **Blood Donation :**

আগরতলায় গতকাল রোটারি ক্লাবের উদ্যোগে এক স্বেচ্ছায় রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিবেকনগরস্থিত রামকৃষ্ণ মিশনের সম্পাদক স্বামী শুভকরানন্দ মহারাজ। শিবিরে ৫০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

\*\*\*\*\*

## **Summer Sports Camp-South :**

গ্রীষ্মকালীন স্কুল ছুটির সময়ে জেলার ৫৫টি স্থানে গ্রীষ্মকালীন শিবির আয়োজনের সিদ্ধান্ত নিয়েছে দক্ষিণ জেলা প্রশাসনা শিবিরগুলিতে ১১-১৭ বছর বয়সী এক হাজার ছাত্র-ছাত্রী অংশ নেবে। আগামী ২০শে মে থেকে ৭ই জুন পর্যন্ত এর শিবিরগুলি চলবে। আজ দক্ষিণ জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি এক সাংবাদিক সম্মেলনে এ খবর জানান।

\*\*\*\*\*

## **Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত কেশব সংঘ ও ইয়ুথ ক্লাবের খেলাটি

১-১ গোলে শেষ হয়।

\*\*\*\*\*

## **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায় বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

\*\*\*\*\*

\*\*\*\*\*